# তারা কিছুই করতে পারবে না

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,*
*শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

আল্লাহ (আযযা ওয়া জাল্লা) আমাদের এই সুন্দর জায়গাটি দিয়েছেন। এটি পৃথিবীর নাভির মত। এইসব খারাপ মানুষেরা এই জায়গাটি শুরু থেকেই দখল করে নিতে চাইছে, কিন্তু তারা এখন আরও জোরেসোরে চেষ্টা করছে কারণ এখন শেষ সময়। তারা ভাবে তারা এই জায়গাটি তাদের নিজস্ব শক্তি এবং ফন্দি দিয়ে শেষ করে দিতে পারবে, কিন্তু আল্লাহ (আযযা ওয়া জাল্লা) এখানে তিনি যাদেরকে ভালোবাসেন তাদেরকে নিয়ে এসেছেন। উনাদের দু'আর কারণে, উনাদের সম্মানের কারণে, ইনশাআল্লাহ এখানে কোন হুমকি নেই।

وَمَكَرُواْ وَمَكَرَ اللّهُ

"ওয়া মাকারু ওয়া মাকারুল্লাহা" (সুরাহ আল ইম্রানঃ৫৪)। তারা একটি ফাঁদ পাতে এবং আল্লাহও একটি ফাঁদ পাতেন।" আল্লাহ যা চান তাই করেন। তারা যত ইচ্ছা খারাপ তৈরী করতে পারে, তারা যত ইচ্ছা ফাঁদ পাততে পারে, যেহেতু আল্লাহ্‌র আউলিয়াগণ এখানে সম্মানিত এবং যেহেতু এখানকার মানুষ হাযরাত নাবী (সাঃ) কে সম্মান করে যাকে আল্লাহ অতীব ভালোবাসেন, আল্লাহ (আযযা ওয়া জাল্লা) কখনোই এখানকার মানুষদের কারও পদানত করবে না এবং তারা সবসময়ই নেতৃত্বে থাকবে ইনশাআল্লাহ।

যতদিন তারা আল্লাহ্‌র পথে খিদমাত করার চেষ্টা চালিয়ে যাবে এবং আল্লাহ্‌র আদেশ পালনের চেষ্টা করবে ততদিন আল্লাহ তাদের সাহায্য করবেন এবং কেউ তাদের ক্ষতি করতে পারবে না। এটা সবসময়েই সত্য। এই সত্য বদলায় না। কেউ এটা বদলাতে পারবে না।

এখন মানুষ শোরগোল করে এই বলে, "এ এসেছে, সে এসেছে"। শোরগোলের কোন প্রয়োজন নেই। আল্লাহ যতদিন আমাদের সাথে আছেন, ইনশাআল্লাহ ভয় নেই। আল্লাহ যেন এই ভালোবাসা আমদের হৃদয় থেকে উঠিয়ে না নেন। তিনি যেন উনার আউলিয়া এবং হাযরাত নাবী (সাঃ) এর জন্য ভালোবাসা আমাদের হৃদয়ে অটল রাখেন। যখন আমাদের তা আছে তখন সেটাই আমাদের সবচেয়ে বড় অস্ত্র। যখন আমাদের কাছে তা থাকবে তখন আমাদের কেউ কিছু করতে পারবে না।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
২১ সেপ্টেম্বার ২০১৬/১৯ যুলহিজ্জা ১৪৩৭
ফাজর নামায, আকবাবা দারগাহ।